

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯

বিলোনীয়া, ৮ মে, ২০২৪

বিলোনীয়া মহকুমাভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিলোনীয়া পুর পরিষদের সহযোগিতায় আজ বিলোনীয়া মহকুমা ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিলোনীয়ার শিশু উদ্যানে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন অবসরপ্রাপ্ত বিচারপতি আশিষ পাল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সারুমের মাইকেল মধুসূদন দত্ত মহাবিদ্যালয়ের অধ্যাপক অরুণ পাটারি, দক্ষিণ জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা রিপন চাকমা, বিলোনীয়া রবীন্দ্র পরিষদের সম্পাদক গোপাল দাস, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের এসআইও রাজেশ দেবনাথ প্রমুখ। অতিথিগণ শিশু উদ্যানে রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি পান করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
